



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/বিঅ/১৮/২০১৬/২১৩৫

তারিখঃ ০৬ অক্টোবর, ১৪২৩ বঙ্গাব্দ
২০ নভেম্বর, ২০১৬ খ্রি.

বিষয়ঃ কড়াপুর পপুলার মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।


- সূত্রঃ ০১। মাউশি/বরি/তদন্ত/২০১৬/৩০ তারিখঃ ০১/০৮/২০১৬ খ্রি. এর তদন্ত প্রতিবেদন।
০২। বশিবো/বিঅ/১৮/২০১৬/১৪১০ তারিখঃ ২৮/০৮/২০১৬ খ্রি.।
০৩। বশিবো/বিঅ/১৮/২০১৬/১৪৯৯ তারিখঃ ০৬/০৯/২০১৬ খ্রি.।
০৪। বশিবো/বিঅ/১৮/২০১৬/১৫০০ তারিখঃ ০৬/০৯/২০১৬ খ্রি.।
০৫। বশিবো/বিঅ/১৮/২০১৬/১৭৭৯ তারিখঃ ৩০/১০/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার বিদ্যালয়ের সূত্রোক্ত ০১ এর তদন্ত প্রতিবেদনে ম্যানেজিং কমিটির বিরুদ্ধে বিদ্যালয়ের আয় ব্যয়ের লেনদেনের ক্ষেত্রে আর্থিক বিধিবিধান লঙ্ঘন করা, বিদ্যালয়ের মহিলা শিক্ষকদের সাথে অসৌজন্যমূলক এবং অশোভন আচরণ করা, যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে দীর্ঘদিন ধরে শিক্ষক কর্মচারীদের সাময়িক বরখাস্ত করে রাখা, বিধিবিধিভূতভাবে বিদ্যালয়ে মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা চুক্তিতে উপদেষ্টা নিয়োগ করা এবং শিক্ষামন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ না করে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে একজন নন এমপিও শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব প্রদান করার আনীত অভিযোগসমূহ প্রমানিত হওয়ায় বিদ্যালয়ের সুনাম, ভাবমূর্তি এবং শিক্ষার পরিবেশ নষ্ট হয়েছে।

০২। সূত্রোক্ত ০৫ নং পত্রে ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যদের কারণ দর্শানো পত্র দেয়া হলে তার জবাব প্রদান করেননি এতে করে অভিযোগসমূহ প্রমানিত হয়। এছাড়াও তা বোর্ড কর্তৃক জারীকৃত আদেশ অমান্য করার শামিল।

০৩। তদন্ত কর্মকর্তাদের প্রতিবেদনের প্রেক্ষিতে প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ (১) ধারা মোতাবেক “বোর্ড কর্তৃক জারীকৃত নির্দেশনা অমান্যকরণ, অদক্ষতা, আর্থিক অনিয়ম এবং অব্যবস্থাপনার কারণে ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিতে পারবে” এর প্রেক্ষিতে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হলো।

০৪। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই পত্র ইস্যু করা হলো।


২০/১১/১৬

উপ- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

barisalboard@gmail.com

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

(পত্রটি ম্যানেজিং কমিটির সকল সদস্যদের অবহিত করার জন্য বলা হলো)

কড়াপুর পপুলার মাধ্যমিক বিদ্যালয়

কড়াপুর, বরিশাল সদর, বরিশাল

বিতরণঃ

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর, বরিশাল
০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরিশাল সদর, বরিশাল
০৩। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক
০৪। সংরক্ষণ নথি